দৈনিক ইত্তেফাক

তারিখ ...FEB 24 1999 ... ...
পৃষ্ঠা ৯ কলাম ৬ ......

# ইংরেজী শিক্ষায় দক্ষতা অর্জনের আহ্বান

চট্টগ্রাম অফিস ।। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন জাতি গঠনে সমাজের সর্বস্তরে শিক্ষার ব্যাপক প্রসারের উপর গুরুত্ব দিয়া বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শুধু সাধারণ শিক্ষাই যথেষ্ট নয়, ইহার পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তি গত শিক্ষাসহ ছাত্র-ছাত্রীদেরকে ইংরেজী শিক্ষায় দক্ষতা অর্জন করিতে হইবে। গত শনিবার পশ্চিম বাকলিয়া রাহাত্তর পুলস্থ সানসাইন গ্রামার স্কুল এ্যাণ্ড চিটাগাং সানসাইন কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি ছিলেন। তিনি শিক্ষার মান বজায় রাখিয়া প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আত্মনিয়োগের আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিটি- মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী। প্রতিষ্ঠানের পরিচালনা পষদের সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কলেজের অধ্যক্ষ মিসেস সাফিয়া রহমান প্রমুখ বক্তৃতা করেন।